



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd

নথি নং- ৩০.৩১.০০০০.২৩১.৫১.০০১.১৭ (অংশ)/১৬৬০

তারিখ: ১০.০৩.২০২৫ খ্রি:

‘ইজারা দরপত্র বিজ্ঞপ্তি’


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আওতাধীন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা’র নিম্নবর্ণিত ইজারাস্থলসমূহ বেবিচকের বিদ্যমান ইজারা নীতিমালা-২০১৯ এর আলোকে আর্থিক সন (জুলাই-জুন) বিবেচনায় ইজারাস্থল হস্তান্তরের তারিখ হতে প্রতি বছর নবায়নের শর্তে প্রাথমিকভাবে ০৩ (তিন) বছরের জন্য পরিচালনার নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র আবেদন/দরপত্র সিডিউল প্রতি ইজারাস্থলের নামের পার্শ্বে উল্লিখিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) তফসিল মোতাবেক দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ, সদর দপ্তর অর্থ বিভাগ, হাশাবি’র রাজস্ব বিভাগ, পিএ টু সদস্য (পরিঃ ও পরিঃ) ও পিএ টু প্রধান প্রকৌশলী’র দপ্তর হতে ক্রয় করা যাবে।

নিম্নবর্ণিত তফসিল অনুযায়ী সকাল ৯.০০ টা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), প্রশাসন বিভাগ, ৬ষ্ঠ তলা (5th Floor), সদর দপ্তর, সিএএবি এর দপ্তরে রক্ষিত দরপত্র বাঞ্ছা দরপত্র গ্রহণ করা হবে এবং একই দিনে বেলা ১২.৩০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাঞ্ছা খোলা হবে।

| ক্র: নং | ইজারাস্থলের বিবরণ | কর্তৃপক্ষের কাংখিত ইজারামূল্য (বার্ষিক) | সিডিউল মূল্য (অফেরতযোগ্য) | ১ম বার দরপত্র দাখিলের তারিখ | ১ম বার কাংখিত দর পাওয়া না গেলে ২য় বার দরপত্র আহবানের তারিখ | ২য় বার কাংখিত দর পাওয়া না গেলে ৩য় বার দরপত্র আহবানের তারিখ |
|---------|--|---|---------------------------|-----------------------------|--|---|
| ১. | এয়ারপোর্ট রেস্টুরেন্ট (কিচেনসহ ৫৩০৩.০৮ ব: ফু:) | ৯৩,৭০,৮৫৩/- | ১৫০০/-+ভ্যাট | ২৪-০৩-২০২৫খ্রি: | ০৯-০৪-২০২৫ খ্রি: | ২২-০৪-২০২৫ খ্রি: |
| ২. | এয়ারপোর্ট রেস্টুরেন্ট সম্মুখস্থ সিএন্ডএফ শেডের অভ্যন্তরে ফটোস্ট্যাট দোকান-১ (৮০ ব: ফু:) | ৪,৭৩,৯২৮/- | ৫০০/-+ভ্যাট | | | |
| ৩. | এয়ারপোর্ট রেস্টুরেন্ট সম্মুখস্থ সিএন্ডএফ শেডের অভ্যন্তরে ফটোস্ট্যাট দোকান (৪০ ব: ফু:) | ৩,১২,৭৯৩/- | ৫০০/-+ভ্যাট | | | |
| ৪. | বহুতল কারপার্কিংয়ের নীচতলায় ফাস্টফুড দোকান (৯৬ ব: ফু:) | ৫৪,৯৩,২৫৯/- | ১০০০/-+ভ্যাট | | | |
| ৫. | কুর্মিটোলা আবাসিক এলাকাস্থ জলাশয় নং-০৬ (৩৫০০০ ব: ফু:) | ১,০২,৩২৫/- | ৫০০/-+ভ্যাট | | | |
| ৬. | ঈশ্বাল কলোনী আবাসিক এলাকাস্থ জলাশয় নং-১৮ (৪০৬৯০ ব: ফু:) | ২,২০,৮০৭/- | ৫০০/-+ভ্যাট | | | |

শর্তাবলীঃ

- ১। দরপত্র দাতাকে আর্নেস্টম্যানি হিসেবে বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে বার্ষিক উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা’র অনুকূলে ইজারা দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ২। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং ১ম বারে প্রাপ্ত দর কর্তৃপক্ষের কাংখিত দরের চেয়ে কম হলে ২য় বার উল্লেখিত তারিখে দরপত্র অনুষ্ঠিত হবে; অনুবৃত্তভাবে ২য় বার কাংখিত দর পাওয়া না গেলে ৩য় বার উল্লেখিত তারিখে দরপত্র অনুষ্ঠিত হবে।
- ৩। নিজ/প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ইজারা দরপত্র ক্রয়ের জন্য আবেদন করতে হবে।
- ৪। ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান এক বা একাধিক ইজারাস্থলের জন্য দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন।
- ৫। প্রতিটি ইজারাস্থলের জন্য আলাদা আলাদা সিডিউল ক্রয় ও দাখিল করতে হবে।
- ৬। সীল মোহরকৃত খামের উপর কাজের নাম সুস্পষ্টভাবে লিখে ইজারা দরপত্র দাখিল করতে হবে।
- ৭। ইজারা প্রদানের ক্ষেত্রে দরপত্রে উল্লেখিত শর্তাবলী এবং ইজারা নীতিমালা-২০১৯ এর শর্তাবলী প্রযোজ্য হবে।
- ৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই ইজারা দরপত্র গ্রহণ বা আংশিক বাতিল বা সম্পূর্ণ ইজারা দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৯। বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে।


10-03-25

আবু ছালেহ মোঃ মুসা জঙ্গী

পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) (অতিরিক্ত দায়িত্ব)